

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৮৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ পানাহারের আদব-কায়দা

আরবী

وَعَن حُذَيْفَةَ قَالَ: كُنَّا إِذَا حَضَرْنَا مَعَ رَسُولِ اللهِ عَلَيْ طَعَاماً لَمْ نَضَعْ أَيدِينَا حَتّٰى يَبْدَأَ رَسُولُ اللهِ عَلَيْ فَيَضَعَ يَدَهُ وَإِنَّا حَضَرْنَا مَعَهُ مَرَّةً طَعَاماً فَجَاءَتْ جَارِيَةٌ كَأَنَّهَا تُدْفَعُ فَذَهَبَتْ لِتَضَعَ يَدَهَا في الطَّعَامِ فَأَخَذَ رَسُولُ اللهِ عَلَيْ بِيدِهَا ثُمَّ جَاءَ أَعْرَابِي كَأَنَّمَا يُدْفَعُ فَذَهَبَتْ لِتَضَعَ يَدَهَا في الطَّعَامِ فَأَخَذَ رَسُولُ اللهِ عَلَيْ بِيدِهَا ثُمَّ جَاءَ أَعْرَابِي كَأَنَّمَا يُدْفَعُ فَأَخَذَ بِيدِهِ فَقَالَ رَسُولُ اللهِ عَلَيْ إِنَّ الشَّيْطَانَ يَسْتَحِلُّ الطَّعَامَ أَنْ لاَ يُذْكَرَ اسْمُ اللهِ تَعَالَى عَلَيْهِ وَإِنَّهُ جَاءَ بِهَذِهِ الجَارِيَةِ لِيَسْتَحِلَّ بِهَا فَأَخَذْتُ بِيَدِهَا فَجَاءَ بِهِذَا الأَعرَابِيّ لِيَسْتَحِلَّ بِهِ عَلَيْهِ وَإِنَّهُ جَاءَ بِهِذِهِ الجَارِيَةِ لِيَسْتَحِلَّ بِهَا فَأَخَذْتُ بِيَدِهَا فَجَاءَ بِهِذَا الأَعرَابِيّ لِيَسْتَحِلَّ بِهِ عَلَيْهِ وَإِنَّهُ جَاءَ بِهِذِهِ الجَارِيَةِ لِيَسْتَحِلَّ بِهَا فَأَخَذْتُ بِيَدِهِ وَإِنَّهُ جَاءَ بِهِذَهِ الجَارِيةِ لِيَسْتَحِلَّ بِهَا فَأَخَذْتُ بِيَدِهِ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنَّ يَدَى مَعَ يَدَيْهِمَا ثُمَّ ذَكَرَ اسْمُ اللهِ تَعَالَى وَأَكَلَ وَالَاهُ مَلَاهُ مَا لَيْ فَا فَجَاءَ بِهِ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنَّ يَدَى مَعَ يَدَيْهِمَا ثُمَّ ذَكَرَ اسْمَ اللهِ تَعَالَى وَأَكَلَ وَاهُ مسلم

বাংলা

(৩০৮৯) হ্যাইফাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা যখন আল্লাহর রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে আহারে বসতাম, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম খাবারে হাত রেখে গুরু না করা পর্যন্ত আমরা তাতে হাত রাখতাম না (এবং আহার গুরু করতাম না)। একদা আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে খাবারে উপস্থিত ছিলাম। হঠাৎ একটি বাচ্চা মেয়ে এমনভাবে এল, যেন তাকে (পিছন থেকে) ধাকা দেওয়া হচ্ছিল এবং সে নিজ হাত খাবারে দিতে উদ্যত হয়েছিল, এমন অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তার হাত ধরে নিলেন। তারপর এক বেদুস্থনও (তদ্রুপ দ্রুত বেগে) এল, যেন তাকে ধাকা মারা হচ্ছিল (সেও খাবারে হাত রাখতে উদ্যত হলে) রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তার হাতও ধরে নিলেন এবং বললেন, যে খাবারে আল্লাহর নাম নেওয়া হয়নি, শয়তান সে খাদ্যকে হালাল মনে করে। আর এ মেয়েটিকে শয়তানই নিয়ে এসেছে, যাতে ওর বদৌলতে নিজের জন্য খাদ্য হালাল করতে পারে। কিন্তু আমি তার হাত ধরে ফেললাম। তারপর সে বেদুস্থনকে নিয়ে এল, যাতে ওর দ্বারা খাদ্য হালাল করতে পারে। কিন্তু আমি ওর হাতও ধরে নিলাম। সেই মহান সন্তার কসম! যার হাতে আমার প্রাণ আছে, শয়তানের হাত ঐ দু'জনের হাতের সঙ্গে আমার হাতে (ধরা পডেছিল)। অতঃপর তিনি 'বিসমিল্লাহ' বলে আহার করলেন।

ফুটনোট



(মুসলিম ৫৩৭৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন